



বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

১৩৭-১৩৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

E-mail: info@bscic.gov.bd web: www.bscic.gov.bd



স্মারক নং: ৩৬.০২.০০০০.০৩২.৯৯.৩৪০.২১/১৪৭ (১৪০)

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৭
২৮ ফেব্রুয়ারি ২০২১


বিষয়: সিএমএসএমই প্রগোদনা প্যাকেজের আওতায় দ্রুততম সময়ের মধ্যে খণ্ড বিতরণে করনীয়/গাইড লাইন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিল্প মন্ত্রণালয়ে ২৬-০১-২০২১ তারিখে অনুষ্ঠিত জানুয়ারি-২১ এর মাসিক সমন্বয় সভার আলোচ্যসূচি -০১ (খ) এর “(খ) দ্রুততম সময়ের মাঝে খণ্ড বিতরণের একটি গাইড লাইন তৈরি করাসহ খণ্ড বিতরণের প্রস্তুতকৃত তালিকার সাথে বিতরণকৃত তালিকা সমন্বয় করতে হবে এবং যারা বাদ পড়েছেন তাদেরও তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়”। উক্ত সিদ্ধান্ত অনুযায়ী দ্রুততম সময়ের মধ্যে খণ্ড বিতরণ কার্যক্রম বাস্তবায়ন করার জন্য একটি গাইড লাইন তৈরি করে জেলা প্রশাসক ব্রাবর প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। ইতোমধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ক্ষুদ্র (কুটির শিল্পসহ) ও মাঝারি শিল্পখাতে খণ্ড বিতরণ সহজিকরণের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণীত নীতিমালায় অন্তর্ভুক্তিকরণের জন্য ঘোলদফা (১৬) সুপারিশমালা প্রেরণ করা হয়েছে। প্রেরণকৃত সুপারিশ/গাইড লাইনসমূহ নিম্নে প্রদত্ত হলো :

- ক. কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগোত্তো নির্বাচনের ক্ষেত্রে জাতীয় শিল্পনীতি-২০১৬ এর সংজ্ঞা অনুসরণ করা যেতে পারে;
- খ. জাতীয় শিল্পনীতি-২০১৬ এ উল্লিখিত উচ্চ অগ্রাধিকার, অগ্রাধিকার, সেবা এবং কৃষিভিত্তিক কর্মকাণ্ড ও কৃষিপণ্য/খাদ্য প্রক্রিয়াজাতকরণ খাতের উদ্যোগসহ অন্যান্য অপ্রচলিত খাতের উদ্যোগাদের বিবেচনায় আনা যেতে পারে;
- গ. খণ্ড প্রদানের জন্য একটি সহজবোধ্য গাইডলাইন প্রণয়ন করা যেতে পারে;
- ঘ. কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উদ্যোগাদেরকে সহায়ক জামানতের পরিবর্তে ব্যক্তিগত, সামাজিক এবং গুপ্ত গ্যারান্টি জামানত হিসেবে এবং প্রযোজ্য ক্ষেত্রে জামানত ব্যতিরেকে সহজ শর্তে শুধুমাত্র একটি ইউনিফর্ম আবেদনের মাধ্যমে এই প্রগোদনা প্যাকেজের আওতায় খণ্ড প্রদান করা যেতে পারে;
- ঙ. নারী উদ্যোগাদের জন্য জামানতবিহীন সহজ শর্তে খণ্ড প্রদানের ব্যবস্থা করা যেতে পারে;
- চ. ছয় মাস বা এক বছরের গ্রেস পিরিয়ডসহ ৫ বছর মেয়াদে খণ্ড প্রদান করা যেতে পারে;
- ছ. বিদ্যমান খণ্ড গ্রহিতা উদ্যোগাদেরকে তাদের স্ব স্ব ব্যাংক থেকে বর্তমান খণ্ড সুবিধার পাশাপাশি এই প্রগোদনা প্যাকেজের আওতায় খণ্ড প্রদান করা যেতে পারে;
- জ. বাংলাদেশ ব্যাংক কর্তৃক ৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখে জারিকৃত কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (সিএমএসএমই) অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার এর আলোকে খাতভিত্তিক সর্বোচ্চ খণ্ডের সীমা নির্ধারণ করা যেতে পারে ;
- ঝ. আলোচ্য খণ্ড প্রগোদনা প্যাকেজটি বাংলাদেশ ব্যাংকের কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (সিএমএসএমই) অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলারে উল্লিখিত স্থল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্ফীম এর আলোকে কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগাদের জন্য বাস্তবায়ন করা যেতে পারে।
- ঝঃ. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ তথ্য প্রযুক্তি ও ডিজিটাল ফাইন্যান্সিয়াল সার্ভিসের মাধ্যমে এবং মাইক্রোক্রেডিট রেগুলেরী অথরিটি (MRA) অনুমোদনপ্রাপ্ত ক্ষুদ্র খণ্ড প্রতিষ্ঠানের সহায়তায় খণ্ড বিতরণ করা যেতে পারে;
- ঠ. যেসকল সরকারি প্রতিষ্ঠান সরকারের বিধিবিধানের মধ্যে থেকে উদ্যোগাদের খণ্ড দিচ্ছে তাদের মাধ্যমে খণ্ড বিতরণের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। এ ক্ষেত্রে বিসিক, পি কে এস এফ, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, সমবায় অধিদপ্তর, এস এম ই ফাউন্ডেশন, এস ডি এফ এবং যুব উন্নয়ন অধিদপ্তরের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য ;

- ঠ. বিসিক শিল্পনগরীতে অবস্থিত শিল্প ইউনিটসমূহ, লবণ চাষী এবং লবণ প্রক্রিয়াজাতকরণ মিলসমূহ, চামড়া ও চামড়াজাত শিল্প প্রতিষ্ঠানসমূহ, জামাদানি শিল্প প্রতিষ্ঠানসমূহ, মৌচাবীগণ, হালকা প্রকৌশল শিল্প প্রতিষ্ঠান, প্লাষ্টিক শিল্প প্রতিষ্ঠান, মুদ্রণ শিল্প প্রতিষ্ঠান, সাব-কন্ট্রাকটিং তালিকাভুক্ত শিল্প প্রতিষ্ঠান, কৃষিভিত্তিক প্রক্রিয়াজাত শিল্প এবং বিসিক কর্তৃক নিবন্ধিত বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের ক্ষতি লাঘবে বিসিক ও শিল্প মালিক সমিতির যৌথ সুপারিশের ভিত্তিতে প্রগোদনা প্যাকেজ অনুযায়ী এসকল শিল্পের উদ্যোক্তাদের খণ্ড প্রদান করা যেতে পারে;
- ড. বিসিক শিল্পনগরী বাহির্ভূত দেশের বিভিন্ন বিভাগ/জেলা/উপজেলায় স্থাপিত শিল্প প্রতিষ্ঠানের জন্য জেলা প্রশাসন, বিসিক, নাসিব, এসোসিয়েশন/চেম্বার এর যৌথ তালিকা ও সুপারিশের ভিত্তিতে উদ্যোক্তাদের খণ্ড সহায়তা প্রদান করা যেতে পারে;
- ঢ. প্রতিটি জেলার জন্য বিভিন্ন ব্যাংক (সরকারি ও বেসরকারি) এর মধ্য থেকে একটি বাংককে এস এম ই লিড ব্যাংক হিসেবে নির্দিষ্ট করে দেয়া যেতে পারে। এক্ষেত্রে এস এম ই খণ্ড পরিকল্পনার বিষয়ে নির্ধারিত জেলার ব্যাংকগুলোর কার্যক্রমের সমন্বয় সাধনের জন্য লীড ব্যাংক কনসোর্টিয়াম লিডার হিসেবে কাজ করবে;
- ণ. প্রগোদনা প্যাকেজের খণ্ড প্রদানের জন্য শিল্প মন্ত্রণালয়ের নেতৃত্বে বিসিকের সাচিবিক সহায়তায় বাংলাদেশ ব্যাংক, এফ বি সি সি আই, নাসিব, এস এম ই ফাউন্ডেশনসহ সংশ্লিষ্ট অন্যান্য এসোসিয়েশন এবং চেম্বারের সমন্বয়ে জাতীয়ভাবে একটি যাচাই-বাচাই ও বাস্তবায়ন কমিটি গঠন করা যেতে পারে;
- ত. জেলা পর্যায়ে খণ্ড বিতরণ কার্যক্রম তদারকি করার জন্য জেলা প্রশাসকের নেতৃত্বে সকল ব্যাংকের জেলা প্রধান, বিসিক, নাসিব, জেলা চেম্বার, এসোসিয়েশন এবং অন্যান্য সিভিল সোসাইটির প্রতিনিধিদের সমন্বয়ে একটি মো-অর্ডিনেশন কমিটি গঠন করা যেতে পারে।

এমতাবস্থায়, শিল্প মন্ত্রণালয়ের জানুয়ারি'২০২১ মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক দ্রুতম সময়ের মধ্যে খণ্ড বিতরণ কার্যক্রম বাস্তবায়নের জন্য বর্ণিত সুপারিশসমূহের মধ্যে অবাস্তবিয়ত সুপারিশসমূহ (ক্রমঃ ক থেকে ড) বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।



২৭/০৫/২০২১

(মোঃ মোশ্তাক হাসান, এনডিসি)

চেয়ারম্যান ও অতিরিক্ত সচিব

বিসিক, ঢাকা

ফোন: ০২-৯৫৬৫৬১২

ই-মেইল: chairman@bscic.gov.bd

সচিব
শিল্প মন্ত্রণালয়
শিল্প ভবন, মতিঝিল বা/এ
ঢাকা- ১০০০।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যোতির ক্রমানুসারে নয়)

০১। পরিচালক, দক্ষতা ও প্রযুক্তি/অর্থ/শিল্প উন্নয়ন ও সম্প্রসারণ/পরিকল্পনা ও গবেষনা/প্রকৌশল ও প্রকল্প বাস্তবায়ন/
বিপণন, মকশা ও কারুশিল্প, বিসিক, ঢাকা।

০২। সকল জেলা প্রশাসক,

০৩। আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক কার্যালয়, বিসিক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা (আপনার আওতাধীন কার্যালয়সমূহকে
এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)

০৪। সকল জেলা কার্যালয় প্রধান, বিসিক,.....

০৫। আইসিটি সেল প্রধান, বিসিক, ঢাকা (ওয়েব সাইটে প্রচারের জন্য)

০৬। অফিস কপি